# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৮

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৫/০৮/২০১৮ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে নতুন আঙ্গিকে অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান অধ্যাপক ড. এম খায়রুল হোসেন।

উক্ত প্রশিক্ষণ কর্মসূচী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক যৌথভাবে পরিচালিত হচ্ছে। উল্লেখ্য পূর্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচিতে সিকিউরিটিজ আইনসহ পুঁজিবাজারে কর্মরতদের দায়িত্ব কর্তব্য এবং নৈতিক মান, আচরণ বিধিসহ অনেক নতুন বিষয় অন্তর্ভুক্তির মাধ্যমে একটি সার্টিফিকেশন কোর্সে রূপান্তর করা হয়েছে। পর্যাক্রমে অনুমোদিত প্রতিনিধি, কমপ্লায়েন্স অফিসারসহ পুঁজিবাজারে কর্মরত সংশ্লিষ্ট সকলের জন্য এই সনদ গ্রহণ বাধ্যতামূলক করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কমিশনের কমিশনারদ্বয় ও নির্বাহী পরিচালকবৃন্দ এবং ডিএসইর ব্যবস্থাপনা পরিচালকসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী বক্তব্যে প্রধান অতিথি হিসাবে কমিশনের চেয়ারম্যান অনুষ্ঠানে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে দেশের পুঁজি বাজারের বিভিন্ন দিক তুলে ধরে বাজার উন্নয়নের ক্ষেত্রে অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ, দায়-দায়িত্ব ও কর্তব্যের উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করেন। তিনি তাঁর বক্তব্যে অন্যান্যের মধ্যে উল্লেখ করেন যে পুঁজি বাজারে বিনিয়োগকারীগণ হচ্ছে বাজারের চালিকা শক্তি। বিনিয়োগকারীদের সাথে সরাসরি কাজ করতে হয় অনুমোদিত প্রতিনিধিদের। তাই বিনিয়োগকারীদের সার্বিক দিকনির্দেশনা প্রদানের জন্য অনুমোদিত প্রতিনিধিদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনুমোদিত প্রতিনিধিদের শৃংখলা, দায়িত্বশীলতা ও নৈতিক মানদণ্ড যত উন্নত হবে দেশের পুঁজিবাজার তত সুশৃংখল ও স্থিতিশীল হবে।

০৫/০৮/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd